

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
সেবা শাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) সংক্রান্ত ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন (জুলাই/২০২০ হতে সেপ্টেম্বর/২০২০) মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে ২০ অক্টোবর ২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মো: হাসানুল ইসলাম এনডিসি, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।  
সভার তারিখ ও সময় : ২০/১০/২০২০ খ্রিস্টাব্দ, বিকাল ৩:০০ ঘটিকা  
সভার স্থান : ভবন নং -৬, কক্ষ নং-১৭০৯, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে বর্তমান সিটিজেনস চার্টার হালনাগাদকরণ এবং এতদসংক্রান্ত ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন (জুলাই/২০২০ হতে সেপ্টেম্বর/২০২০) মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের বিষয়ে সভায় বক্তব্য প্রদানের আহ্বান জানান। সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখা যেতে পারে।

৩.০ সভার শুরুতে সভাপতি উল্লেখ করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ হতে ডিসেম্বর, ২০১৭ মাসে “মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭” জারি করা হয়। সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা প্রক্রিয়ায় স্বচ্ছতা ও শৃঙ্খলা আনয়ন করে। তাছাড়া, সেবা সংক্রান্ত তথ্য নাগরিকদের নিকট সহজলভ্য করা, সেবা কার্যক্রমে নাগরিকদের অংশীদারিত্ব বৃদ্ধি, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জবাবদিহিতা বৃদ্ধি করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। এরই ধারাবাহিকতায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) কার্যকরভাবে বাস্তবায়নের লক্ষ্যে ৫ জন কর্মকর্তার সমন্বয়ে একটি পরিবীক্ষণ কমিটি গঠন এবং ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়ন প্রদান করা হয়েছে (পরিশিষ্ট-খ)।

৪.০ সভায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গত ১৭ ডিসেম্বর ২০২০ তারিখে প্রেরিত পত্রে এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) পর্যালোচনা করে ত্রুটি-বিদ্যুতি সংশোধন করে তা মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়। এছাড়া, এ বিষয়টির সাথে এ বিভাগের আইসিটি সেল-এর সার্বিক সহযোগিতা প্রয়োজন বিষয় প্রোগ্রামার জনাব মোহাম্মদ জোবায়ের-কে পরিবীক্ষণ কমিটিতে অন্তর্ভুক্ত করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

চলমান পাতা-০২


৫.০ সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

৫.১ সভায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গত ১৭ ডিসেম্বর ২০২০ তারিখে প্রেরিত পত্রে এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) পর্যালোচনা করে ত্রুটি-বিচ্যুতি সংশোধন করে তা মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করা হবে।

৫.২ জনাব মোহাম্মদ জোবায়ের, প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-কে পরিবীক্ষণ কমিটিতে অন্তর্ভুক্ত করা হলো। তিনি সিটিজেনস চার্টার হালনাগাদ করবেন।

৫.৩ এ সভার কার্যবিবরণী মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) সংক্রান্ত ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন (জুলাই/২০২০ হতে সেপ্টেম্বর/২০২০) হিসেবে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে।

৬.০ আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




মো: হাসানুল ইসলাম এনডিসি  
অতিরিক্ত সচিব(প্রশাসন ও অর্থ)

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬২.১২.০৩.২০১৪-এ-৮৫

তারিখ: ০৫ কার্তিক ১৪২৭  
২১ অক্টোবর ২০২০

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। উপসচিব (প্রশাসন অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। উপসচিব (প্রশাসন ও সংস্থাপন শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট (এ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। সিনিয়র সহকারী সচিব (বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। সিনিয়র সহকারী সচিব, সুশাসন শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
- ৮। সিনিয়র সহকারী সচিব (সেবা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।



(মো: শামসুল আলম)  
সিনিয়র সহকারী সচিব